অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেট সরকারে স্বচ্ছতার ক্ষেত্রে বড় ধরনের উন্নতি সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

70টিরও বেশি এক্সিকিউটিভ সংস্থা থেকে স্বচ্ছতার পরিকল্পনা এবং FOIL প্রক্রিয়ার পরিবর্তনের মধ্য দিয়ে স্টেট সরকারে জবাবদিহিতার নতুন যুগের সূচনা করছে

গভর্নর হোকল প্রত্যাহার সংক্রান্ত সম্পূর্ণ নীতিমালা প্রকাশ করেছেন এবং সব কর্মচারীর জন্য লাইভ নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণ বাধ্যতামূলক করে নির্বাহী আদেশ জারি করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট সরকারে স্বচ্ছতার ক্ষেত্রে বড় ধরনের উন্নতির ঘোষণা দিয়েছেন যা ডাটা ও তথ্যের অ্যাক্সেস নাটকীয়ভাবে বৃদ্ধি করবে এবং স্টেট সরকারের প্রতি নিউ ইয়র্কবাসীদের আস্থা ফিরিয়ে আনার প্রক্রিয়া অব্যাহত রাখবে। গভর্নর হোকল 70টিরও বেশি এক্সিকিউটিভ সংস্থা ও সরকারি কর্তৃপক্ষ থেকে নতুন স্বচ্ছতার পরিকল্পনা প্রকাশ করেছেন, তথ্যের স্বাধীনতা আইন (Freedom of Information Law, FOIL) সংক্রান্ত অনুরোধগুলো পূরণের প্রক্রিয়া উন্নয়ন সম্পর্কে ঘোষণা করেছেন, তার মেনে চলা প্রত্যাহার সংক্রান্ত সম্পূর্ণ নীতিমালা প্রকাশ করেছেন -- যা স্বপদে বহাল থাকা কোনো নিউ ইয়র্কের গভর্নরের ক্ষেত্রে প্রথমবারের মত প্রকাশ হওয়ার ঘটনা বলে বিশ্বাস করা হচ্ছে - সেইসাথে লেফটেনেন্ট গভর্নর ও গভর্নরের সচিবের জন্য প্রযোজ্য প্রত্যাহার সংক্রান্ত নীতিমালাও প্রকাশ করেছেন।

"প্রথম দিন থেকেই, আমি স্বচ্ছতার উন্নতি এবং জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে তাদের সরকারের প্রতি নিউ ইয়র্কবাসীদের আস্থা পুনরুদ্ধার করতে দৃঢ় প্রতিজ্ঞ ছিলাম," **বলেছেন গভর্নর হোকল।** "আজ আমরা যে পরিবর্তন ঘোষণা করছি সেগুলো আমাদেরকে, নিউ ইয়র্কবাসীরা যেরকম সরকার পাওয়ার অধিকারী তেমন সরকার তৈরির কাছাকাছি এনে দিয়েছে, এবং আমরা এই অগ্রগতিকে এগিয়ে নেয়া অব্যাহত রাখবো।"

স্টেটের সংস্থাগুলো সম্প্রতি গভর্নরের কার্যালয়ে যেসব নতুন স্বচ্ছতার পরিকল্পনা প্রদান করেছে সেগুলো হোস্ট করার জন্য গভর্নর হোকল একটি ওয়েবসাইট চালু করেছেন। এসব পরিকল্পনায়, সংস্থাগুলো স্বতস্ফূর্তভাবে স্বচ্ছতা বৃদ্ধির উপায়গুলো তুলে ধরেছে যেমন তাদের ওয়েবসাইটগুলো পুনর্নির্মাণ, স্টেটব্যাপী লাইসেন্সিং ট্যুর সম্পন্ন করা, ভাষার অ্যাক্সেস সম্প্রসারণ, এবং প্রজেক্ট সানলাইট (Project Sunlight) ও ওপেন ডাটা (OpenData)-কে আরো ভালোভাবে কাজে লাগানো। সব সংস্থার স্বচ্ছতার পরিকল্পনাগুলো এখানে দেখা যাবে। গভর্নরের

কার্যালয় এসব পরিকল্পনা বাস্তবায়নে সংস্থাগুলোর সাথে কাজ করবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রসার ঘটানো অব্যাহত রাখবে।

সেইসাথে, দ্রুততর সময়কালের মধ্যে আরো বেশি পাবলিক রেকর্ড প্রদান করা এবং হোকল প্রশাসনের উত্তরাধিকারসূত্রে পাওয়া জমে থাকা হাজার হাজার FOIL অনুরোধ কমিয়ে আনার লক্ষ্যে গভর্নর হোকল FOIL প্রক্রিয়ার বড় ধরনের উন্নতির ঘোষণাও দিয়েছেন। সংস্থাগুলোর জন্য FOIL উত্তরগুলো পর্যালোচনার উদ্দেশ্যে এক্সিকিউটিভ চেম্বারে পাঠানো আর আবশ্যক থাকবে না, বরং তার পরিবর্তে তারা তাদের সংস্থার জেনারেল কাউন্সেলের মাধ্যমে FOIL অনুরোধগুলো সরাসরি প্রক্রিয়া করবে। এছাড়াও সংস্থাগুলোর জন্য বারবার অনুরোধ করা ডকুমেন্ট এবং প্রকাশ্য গুরুত্ব রয়েছে এমন ডকুমেন্টগুলো শনাক্ত করা ও প্রকাশ্যে পোস্ট করার তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক হবে, যাতে আগ্রহী পক্ষগুলো একটি FOIL অনুরোধ জমা দেয়ার প্রয়োজন ছাড়াই প্রাসঙ্গিক তথ্য খুঁজে নিতে পারে। FOIL অনুরোধগুলো ত্বরান্বিত করার উদ্দেশ্যে প্রশাসনের চলমান কাজের সাথে যোগ দিতে, ITS FOIL উত্তরগুলোর গতি বৃদ্ধি করতে সক্ষম এমন স্টেটব্যাপী প্রযুক্তি সমাধান সন্ধান করার পরিকল্পনা করছে। সংস্থাগুলোর FOIL কর্মী ও সফটওয়্যার সক্ষমতা সংক্রান্ত চাহিদাগুলো এক্সিকিউটিভ চেম্বার পর্যালোচনা করবে, সেইসাথে স্টেটের সব সংস্থাকে FOIL প্রশিক্ষণ প্রদান করবে।

গভর্নর হোকল স্বার্থের সংঘাত এড়ানোর উদ্দেশ্যে তার মেনে চলা সম্পূর্ণ প্রত্যাহার চুক্তির পাশাপাশি লেফটেনেন্ট গভর্নর ও গভর্নরের সচিবের জন্য নির্ধারিত থাকা প্রত্যাহার চুক্তি প্রকাশ করেছেন। এই চুক্তিতে, গভর্নর হোকল ডেলাওয়ার নর্থ-এর সাথে সম্পর্কিত সকল বিষয় থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়ার অঙ্গীকার করেছেন এবং সেই কোম্পানির স্বার্থ সুরক্ষার জন্য তার পদমর্যাদাকে ব্যবহার করবেন না বলে শপথ করেছেন। লেফটেনেন্ট গভর্নর ও গভর্নরের সচিবের সাথে সম্পর্কিত প্রত্যাহারের ডকুমেন্ট সহ এসব সম্পূর্ণ প্রত্যাহারের ডকুমেন্ট এখানে প্রকাশ্যে প্রকাশিত হয়েছে।

সবশেষে, নৈতিকতা ও যৌন হয়রানি বিষয়ক প্রশিক্ষণের উন্নতির উদ্দেশ্যে প্রথম দিনে করা গভর্নরের অঙ্গীকার পূরণ করে, গভর্নর হোকল স্টেটের সব কর্মচারীদের জন্য নিয়োগের পরে একটি লাইভ নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণে অংশ নেয়া, এবং সেইসাথে প্রতি তিন বছরে একবার রিফ্রেশার কোর্সে অংশ নেয়াকে আবশ্যক করে একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন; এক্সিকিউটিভ চেম্বারের কর্মচারীদের জন্য প্রতি দুই বছরে একবার এই রিফ্রেশার কোর্সে অংশ নেয়া আবশ্যক হবে। এটি আগের প্রশাসনের সময়ে প্রতিষ্ঠিত নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণের নীতিমালাকে হালনাগাদ ও সম্প্রসারণ করে।

আজ ঘোষণা করা সংস্কার কাজগুলো স্টেট সরকারে নৈতিকতা ও স্বচ্ছতার একটি নতুন যুগের সূচনা করার জন্য গভর্নর হোকলের সাম্প্রতিক প্রচেষ্টার অংশ। এ সপ্তাহের শুরুতে, তিনি এক্সিকিউটিভ চেম্বারের মধ্যে এবং স্টেট সরকারজুড়ে হয়রানি ও বৈষম্য নির্মূল করার উদ্দেশ্যে একটি নতুন উদ্যোগ উন্মোচন করেছেন। এছাড়াও তিনি মেট্রোপলিটন ট্রানজিট অথরিটির (Metropolitan Transit Authority, MTA) জন্য আরো বেশি ডাটা প্রকাশ করা আবশ্যক করা এবং স্টেট সংস্থাগুলো যাতে যেকোনো সরকারি বৈঠকের 24 ঘণ্টা আগে সংশ্লিষ্ট ডকুমেন্টগুলো প্রকাশ করে সে আদেশ প্রদান করে একটি আইনে স্বাক্ষর করেছেন। গভর্নর হোকল একটি

কেন্দ্রীভূত, পাবলিক কোভিড-19 ড্যাশবোর্ডও উন্মোচন করেছেন, যা লোকজনকে আক্রান্তের সংখ্যা, টিকা, হাসপাতালে ভর্তি ও আরো অনেক কিছু সম্পর্কে বাড়তি তথ্য প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন